# উপজেলা পরিষদ, কালিয়াকৈর এর ডিসেম্বর/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ কামাল উদ্দিন সিকদার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিয়াকৈর, গাজীপুর |
| তারিখ | : | ২১/১২/২০২৩ খ্রি. |
| সময় | : | দুপুর ১২.০০ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সনের ১৫ আগষ্ট কালো রাতে শহীদ তাঁর পরিবারের সকল সদস্য এবং মহান মুক্তিযুদ্ধে সকল শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর নভেম্বর/২০২৩খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ১১ জন জুনিয়র কনসালট্যান্ট পদের মধ্যে জুনিয়র কনসালট্যান্ট অপথালমোলজি এবং জুনিয়র কনসালট্যান্ট কার্ডিওলজি পদ ২টি শূন্য আছে। হাসপাতালের গুরুত্বপূরণ সেবা হিসেবে নরমাল ও সিজারিয়ান ডেলিভারী বরাবরের মত চালু আছে। চলতি মাসে সিজারিয়ান ডেলিভারী ২৯ জন ও নরমাল ডেলিভারী ৭৮ জন মোট ডেলিভারী করানো হয়েছে ১০৭ জনকে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে আউটডোরে সাধারণ রোগী সেবা প্রদান করা হয়েছে ১৫৬০৪ জনকে। এছাড়াও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবার মান উন্নয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার |
| ৩। উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, গত ০৯-১৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. পর্যন্ত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সকলের সার্বিক সহযোগিতায় সফলভাবে সম্পন্ন হয় এবং এ ব্যাপারে তিনি সকলকে ধন্যবাদ জানান। তিনি আরও জানান যে, তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা র মান উন্নয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ৪। উপজেলা কৃষি অফিসারের কার্যালয় | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে রবি মৌসুমে বোরোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১০২৫০ হেক্টর। সরিষার আবাদ হয়েছে ১৭৫৫ হেক্টর এবং শাকসব্জি আবাদ হয়েছে ১৫৫৭ হেক্টর। এ উপজেলাতে চাষাবাদের জন্য পর্যাপ্ত সারের মজুদ বিদ্যমান আছে। | নিয়ম অনুযায়ীকার্যক্রমবাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৫। উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | উপজেলা মৎস্য অফিসার জানান যে, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে বিভিন্ন হাট বাজারে মৎস্যজীবীদের নিয়ে সভা আয়োজন করা হয়।এ উপজেলার মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন করে নিয়মিত পরামর্শ প্রদান করা হয় । ৪০ জন মৎস্য চাষীদের "উত্তম মৎস্য চাষ অনুশীলন ও গুলশা-পাবদা-টেংরা মাছ চাষ" বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া ১ নভেম্বর হতে ৩০ জুন ২০২৪ খ্রি. পর্যন্ত জাটকা রক্ষা কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে।দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে নিয়মিত অভিযান পরিচালনাসহ স্থানীয় হাট-বাজার-আড়ৎ পরিদর্শন ও অভিযানের আওতায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা মৎস্য অফিসার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৬। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তর হতে ডিসেম্বর/২০২৩ খ্রি. মাসে ৩,৪৯৫ টি গবাদিপশু ও ৬২৭৬৫টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। গবাদিপশুর বিভিন্ন সংক্রামক রোগ প্রতিরোধে ১৯২০টি টিকা গবাদিপশুকে ও ৭৫৬০০টি টিকা হাঁস-মুরগিকে প্রদান করা হয়েছে। এছাড়া প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং সকলের জন্য নিরাপদ ও মানসম্মত প্রাণিজ আমিষ নিশ্চিত করার লক্ষে খামার স্থাপনের জন্য নিয়মিত পরামর্শ প্রদান, উঠান বৈঠক, ডিজিজ সার্ভিলেন্স, খামার ও ফিডমিল পরিদর্শন, গবাদিপশু-হাঁসমুরগীর খামার রেজিষ্ট্রেশন ও নবায়নসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত করেন। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারজানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) ২য় পর্যায় ২৫.৪৬২৪ মে.টন চালের বিপরীতে ১টি প্রকল্প এবং ২৫.৪৬২৪ মে.টন গমের বিপরীতে ১টি প্রকল্প তালিকা জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের অনুকূলে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়।২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ২য় পর্যায় ১৯,০০,৬২৮/-টাকার বিপরীতে ইউনিয়ন হতে প্রাপ্ত ২৫টি প্রকল্পের তালিকা জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের অনুকূলে অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। খ্রীস্টান ধর্মাবলম্বীদের শুভ বড়দিন ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ২৭টি গীর্জার অনুকূলে ১৩.৫০০ মে.টন চাল বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ প্রাপ্ত চাল প্রতিটি গীর্জার অনুকূলে ৫০০ কেজি হারে বিতরণ করা হয়।<br><br>আসন্ন শীত মৌসুমে গরীব ও দুঃস্থদের মধ্যে বিতরণের জন্য ৪১০০টি কম্বল বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ প্রাপ্ত কম্বল ইউনিয়ভিত্তিক বিভাজন করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে চলমান কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮। উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলাসমাজসেবা কর্মকর্তা জানান যে, ক) সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ভাতাভোগীর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থ বছরের ২য় কিস্তির পেরোল নির্ভুলভাবে প্রেরণের কাজ চলমান রয়েছে।<br><br>খ) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ এবং স্ট্রোকে প্যারালাইজড রোগীদের এককালীন অনুদানের চেক প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং প্রাপ্ত মোট ২৪টি চেক প্রতিটি ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) করে মোট ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকার চেক আনুষ্ঠানিকভাবে বিতরণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>গ) রোগীকল্যাণ সমিতির মাধ্যমে নভেম্বর/২০২৩ মাসে ০৮ জন ব্যক্তিকে প্রয়োজনীয় খরচ প্রদান করা হয়েছে। | ক) বিস্তারিত আলোচনা শেষে নীতিমালার আলোকে কালিয়াকৈর পৌরসভা ও ০৯টি ইউনিয়নের বয়স্ক, বিধবা প্রতিবন্ধীসহ অন্যান্য ভাতাভোগীর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থ বছরের ২য় কিস্তির পেরোল প্রেরণের লক্ষ্যে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করে যথাসময়ে পেরোল প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ এবং স্ট্রোকে প্যারালাইজড রোগীদের এককালীন অনুদানরে চেক প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং প্রাপ্ত মোট ২৪টি চেক প্রতিটি ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) করে মোট ১২,০০০০০/-(বার লক্ষ) টাকার চেক আনুষ্ঠানিকভাবে বিতরণ বিষয়ে সিদ্ধান গৃহীত হয়।<br><br>গ) রোগীকল্যাণ সমিতির ১১টি সেবা প্রদান কার্যক্রমকে আরো গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা<br><br>উপজেলা সমাজসেবা অফিসার |
| ৯। উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, এ উপজেলায় ১২২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্য পুস্তক বিতরণ উৎসব উদযাপন করা হয়েছে। সে মোতাবেক উপজেলার ৫টি ক্লাস্টারে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্য পুস্তক বিতরণ করেন এবং ৩২টি বিদ্যালয়েক্ষুদ্র মেরামত ও সংস্কারের জন্য ভোট কেন্দ্র হিসেবে বরাদ্দ পাওয়া যায় এবং কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে অন্যান্য কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১০। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি উপকারভোগীদের চাল বিতরণ চলমান রয়েছে। নির্বাচিত উপকারভোগীগণের স্ব-স্বসঞ্চয় একাউন্ট খোলে প্রতি মাসে ২২০/- করে সঞ্চয় করা প্রয়োজন। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি মাসে পৌরসভায় ১৩ জন উপেকারভোগী ও প্রতি মাসে ইউনিয়নে ০৬ জন উপকারভোগীর নির্বাচন প্রক্রিয়া চলমান রয়েছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ১০ টি ক্লাব রয়েছে। ২০২৪ সালে ক্লাবের নতুন সদস্য ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণ নির্বাচিত উপকার ভোগীগণের স্ব-স্ব সঞ্চয় একাউন্ট খোলার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং উপকারভোগী নির্বাচনের প্রক্রিয়া প্রতি মাসের ২০ তারিখের মধ্যেসম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br><br>চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| ১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে এ উপজেলায় বিভিন্ন ইউনিয়নের পছন্দনীয় ট্রেডে ১৪টি অপ্রাতিষ্ঠানিক ব্যাচে মোট ৪২০ জনকে প্রশিক্ষণ দেওয়ার নির্দেশনা রয়েছে। যুব সংগঠন গুলোকে সক্রিয় রাখার জন্য প্রতিটি নিবন্ধিত যুব সংগঠনকে চলতি (নভেম্বর/২০২৩) মাসে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের উপস্থিতিতে খেলাধুলার সামগ্রী বিতরণ করা হয়। এছাড়াও যুব কার্যক্রমে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে অন্যান্য কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১২। উপজেলা প্রকৌশলীর কার্যালয় | উপজেলা প্রকৌশলী জানান যে, ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবন ব্যবহার অনুপযোগী হওয়ায় পরিত্যাক্ত ঘোষণা করা প্রয়োজন। উক্ত বাসভবন দুটি পরিত্যাক্ত ঘোষণার নিমিত্ত উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন।<br>খ) ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা বিভিন্ন দরপত্র বিজ্ঞপ্তি ১৫টি পত্রিকায় মোট ২,৯৪,৯৯৫.০০ টাকার বিল পাওয়া যায়। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বিজ্ঞপ্তি প্রকাশের বিল পরিশোধ করা প্রয়োজন।<br>গ) উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবনের বিভিন্ন পয়েন্টে বাল্ব সংযোগ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং উপজেলা পরিষদের বাসা-বাড়ীর দরজা জানালা মেরামত বাবদ ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা বরাদ্দ প্রয়োজন। রাজস্ব নির্দেশিকা ৩(ক) অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বিল ভাউচারাদির মাধ্যমে পরিশোধের নিমিত্ত উপজেলা মাসিক উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন।<br>ঘ) সাহেবাবাদ খোয়াজ মার্কেট রাস্তার দৈর্ঘ্য ২.০০ কি:মি:। বন বিভাগের ভিতর দিয়ে ৮০০মি: বাকী ১২০০মি: বনের বাহিরের রাস্তা। বনের অংশের রাস্তা বাস্তবায়নে বাঁধা প্রদান করায় চলমান কাজটি বন্ধ হয়ে যায়। বন বিভাগ কর্তৃক রাস্তাটি বাঁশ দিয়ে বন্ধ করা হয়। ফলে মানুষের দুর্ভোগ বেড়ে যায়। রাস্তাটি মানুষরে চলাচলের জন্য বাঁশের বেড়া খুলে ফেলার জন্য বন বিভাগ এর প্রতি অনুরোধ করা হয়। বিষয়টি জনগুরুত্বপূর্ণ হওয়ায় জাতীয় নির্বাচনের আগে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/অনাপত্তি স্বাপেক্ষে রাস্তার বাকী অংশের কাজ (বন বভিাগ বহির্ভূত অংশ) চলমান রাখার বিষয়ে আলোচনা করা হয়। | ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবন ব্যবহার অনুপযোগী হওয়ায় পরিত্যাক্ত ঘোষণার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বিজ্ঞপ্তি প্রকাশের ২,৯৪,৯৯৫.০০ টাকার বিল পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা (২৫০০০+২৫০০০) মোট ৫০০০০/- টাকার বিল পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) বন বিভাগের অংশের রাস্তা মানুষের যাতায়াতের জন্য ও বনবিভাগের বহির্ভূত অংশের রাস্তার কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বন বিভাগের আওতাধীন এলাকাসমূহে রাস্তা নির্মাণের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/অনাপত্তি গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী জানান যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্প হতে ২০২৩-২৪ অর্থ বছরে ২৩৪টি সাব মারসিবল পাম্প যুক্ত গভীর নলকূপ এর বোরিং কাজ সম্পন্ন হয়েছে। স্ট্রাকচার ও প্লাটফর্ম নির্মাণের কাজ চলমান রয়েছে। এ উপজেলার "নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন" প্রকল্প হতে টাইপ-এ ৭টি ও টাইপ-বি ৩৪টি পাবলিক টয়লেটের কাজ চলমান অবস্থায় রয়েছে। ফুলবাড়িয়া ইউনিয়ন ও ঢালজোড়া ইউনিয়ন এ ৩ কি:মি: ড্রেনের কাজ চলমান অবস্থায় রয়েছে। ৩২টি পৌরসভায় পানি সরবরাহ ও মানব বর্জ্য ব্যবস্থাপনা সহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প" হতে কালিয়াকৈর পৌরসভায় ১.১ কি:মি: ড্রেনেজ এর কাজ সমাপ্ত হয়েছে এবং ৪০০ মিটারের কাজ চলমান অবস্থায় রয়েছে। পিইডিপি-৪ প্রকল্প হতে ২০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক এর কাজ চলমান অবস্থায় রয়েছে। | "নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন" প্রকল্পের কাজ সময়মত বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৪। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, ক) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড মূল কর্মসূচীসহ অন্যান্য প্রকল্প/কর্মসূচীসমূহে দক্ষতার সহিত ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। এ প্রেক্ষাপটে নভেম্বর/২৩ মাসে বর্ণিত সমিতি ও দলের সদস্যদের মধ্যে ৩৮.৬২ লক্ষ টাকা ঋণ বিতরণ করে এবং ইতোপূর্বে বিতরণকৃত ঋণ হতে ৪১.৩২ লক্ষ টাকা আদায় করা হয়েছে। আদায়কৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ১.২৯ লক্ষ টাকা।<br>খ) ঋণ আদায়ের হার-৯৮%। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১০১৭৮.৬১ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৯৭৪৯.১৫ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ২৬.১০ লক্ষ টাকা আদায়কল্পে কার্যক্রম জোরদার করা হয়েছে। মাসে মোট শেয়ার জমা ০.১৯ লক্ষ টাকা, সঞ্চয় জমা ১.৮৩ লক্ষ টাকা, মোট শেয়ার জমা ৩৩.৬৩ লক্ষ টাকা ও মোট সঞ্চয় জমা ২০২.৩০ লক্ষ টাকা।<br>গ) গত মাসে ০৩ (তিন) টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে বাল্য বিবাহ প্রতিরোধ, যৌতুক প্রতিরোধ, পরিবার পরিকল্পনার সুফল, নারী ও পুরুষের বৈষম্য দূরীকরণ, ইভটিজিং, সন্ত্রাস, জঙ্গীবাদ প্রতিরোধ, আর্সেনিকমুক্ত পানি ও ফরমালিনমুক্ত খাবার, গাভী মোটা তাজাকরণ, হাঁস মুরগী পালন, বয়োজ্যেষ্ঠদের প্রতি আচরণ শিক্ষা, নিরক্ষরতা দূরীকরণসহ সচেতনতা বৃদ্ধির উপর আলোচনা করা হয়। | মেয়াদোত্তীর্ণ ঋণ শূন্যের কোটায় নামিয়ে আনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৫। বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, কালিয়াকৈর/কাচিঘাটা জানান যে, বনভূমির আশেপাশে করাত কল স্থাপন নিষিদ্ধ হওয়া সত্ত্বেও অবৈধভাবে করাত কল স্থাপন করা হচ্ছে। অবৈধভাবে স্থাপিত করাত কল গুলোতে উচ্ছেদ/মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। | বনভূমির আশেপাশে স্থাপিত অবৈধ করাত কলগুলোতে উচ্ছেদ কার্যক্রম পরিচালনার নিমিত্ত মোবাইল কোর্ট/আইনি ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>রেঞ্জ কর্মকর্তা কালিয়াকৈর/ কাচিঘাটা |
| ১৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ২০২৪ সালের জন্য বিনামূল্যের চাহিদাকৃত পাঠ্যপুস্তকের ৪৬% বই পাওয়া গিয়াছে এবং প্রাপ্ত বই শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। ৮ম ও ৯ম শ্রেণীর নতুন কারিকুলাম বিস্তরণে ১০০৮ জন শিক্ষকের ০৭ দিনব্যাপী বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম ১৮/১২/২০২৩ খ্রি. তারিখ থেকে মৌচাক স্কাউট স্কুল এন্ড কলেজ ভেন্যুতে চলমান রয়েছে। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাষ্টের আওতায় উপবৃত্তির জন্য নির্বাচিত উপবৃত্তি প্রাপ্ত এবং উপবৃত্তি না পাওয়া শিক্ষার্থীর তালিকা সংগ্রহ ও যাচাই বাছাইয়ের কাজ চলছে। এছাড়া ২০২৪ শিক্ষা বর্ষের ১১শ ও আলিম ১ম বর্ষের উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থীর তথ্য এমআইএস সফটওয়ারে এন্ট্রির কাজ চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, খাদ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। কালিয়াকৈর খাদ্য গুদামে খাদ্য শস্যের বর্তমান মজুত চাল ৬৭০.০০০ মে.টন গম-৫২২.০০০ মে.টন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮। উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয় | উপজেলা নির্বাচন অফিসার জানান যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সংসদীয় আসন ১৯৪-গাজীপুর-১ নির্বাচন সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ভোটারদের তথ্য-উপাত্য সংশোধন, স্থানান্তর ও বিদ্যমান ভোটারদের পৌরসভা এবং ইউনিয়নের স্মার্ট কার্ড বিতরণ এবং অন্যান্য কাজ যথারীতি চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ১৯। উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয় (বিএডিসি) | উপ-সহকারী প্রকৌশলী জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিএডিসি অফিসার |
| ২০। উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরে বর্তমানে আমন ফসলের নমুনা কর্তন, মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ, বিভিন্ন ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ, বনজরিপ, পাট ফসলের নমুনা কর্তন, আমন ফসলের মুল্য, উৎপাদন খরচ জরিপ কাজ চলমান রয়েছে। | চলমান কার্যক্রম গুলো সঠিকভাবে যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ২১। উপজেলা আনসার ভিডিপি কার্যালয় | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশুপাচার রোধসহ জঙ্গীবাদ নির্মূলে প্রতিটি ক্যাম্প কমান্ডার ইউনিয়ন দলনেতা/দলনেত্রী ও আনসার কমান্ডারদের নিয়ে মাসিক সভায় সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করা হয়। | গ্রামীন আইন শৃঙ্খলা রক্ষায় ইউনিয়ন দলনেতা/ দলনেত্রী এবং বিভিন্ন আনসার ক্যাম্পের কমান্ডার নিয়ে সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশুপাচার রোধসহ জঙ্গীবাদ নির্মূল বিষয়ে সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার |
| ২২। ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ | ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসার |
| ২৩। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ (কালিয়াকৈর জোনাল অফিস) | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ, জোনাল অফিস, কালিয়াকৈর জানান যে, মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে। অনলাইনে গ্রাহকের আবেদন গ্রহণ করা হয় এবং ০৭ দিনের মধ্যে আবাসিক সংযোগ প্রদান করা হয় । সংযোগ নেওয়ার জন্য গ্রাহককে অফিসে আসার প্রয়োজন হয় না। এ প্রতিষ্ঠানের সার্বিক কর্মকান্ডে সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ কালিয়াকৈর/চন্দ্রা/ মৌচাক |
| ২৪। উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় অফিসার জানান যে, তার কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমবায় অফিসার |
| ২৫। কালিয়াকৈর পৌরসভা | মেয়র, কালিয়াকৈর পৌরসভা জানান, তাঁর কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, কালিয়াকৈর পৌরসভা |
| ২৬। উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, কালিয়াকৈর উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় ইতোমধ্যে ২১৩ টি সমিতি গঠন করা হয়েছে। মোট সদস্য সংখ্যা ৭৭৭৬ জন। বর্তমান মাসে সঞ্চয় আদায় হয়েছে৩.৮লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় হয়েছে ৫১৯.৫৮ টাকা। বর্তমান মাসে ঋণ বিতরণ হয়েছে ৬৩.৩৫ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ হয়েছে ৬১২৩.৬৬লক্ষ টাকা। বর্তমান মাসে ঋণ আদায় হয়েছে ৭৩.৩২ লক্ষ টাকা। তাছাড়া তার দাপ্তরিক সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য উপস্থিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সহ সকলের সহায়তা কামনা করেন। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় গঠিত সমিতির সদস্য/সদস্যাদের মধ্যে নীতিমালা/বিধি মোতাবেক ঋণ বিতরণের তুলনায় আদায় আরও বৃদ্ধি করা সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কালিয়াকৈর |
| ২৭। বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জনাব মোঃ কামাল উদ্দিন সিকদার, উপজেলা চেয়ারম্যান এর জুন/২০২৩ হতে নভেম্বর/২০২৩ পর্যন্ত মোট ০৬(ছয়) মাসের ভ্রমন ভাতা/দৈনিক ভাতা বাবদ ৫২,৫০০/- (বায়ান্ন হাজার পাঁচশত) টাকা, জনাব মোঃ সেলিম আহমেদ, ভাইস চেয়ারম্যান এর জুন/২০২৩ হতে নভেম্বর/২০২৩ পর্যন্ত মোট ০৬(ছয়) মাসের ভ্রমন ভাতা/দৈনিক ভাতা বাবদ ৩৯,০০০/- (উনচল্লিশ হাজার) টাকা, অধ্যাপিকা জায়েদা নাসরিন, মহিলা ভাইস চেয়ারম্যান এর জুন/২০২৩ হতে নভেম্বর/২০২৩ পর্যন্ত মোট ০৬(ছয়) মাসের ভ্রমন ভাতা/দৈনিক ভাতা বাবদ ৩৯,০০০/- (উনচল্লিশ হাজার) টাকা সর্বমোট ১,৩০,৫০০/- (এক লক্ষ ত্রিশ হাজার পাঁচশত) টাকা পরিশোধের জন্য বিল দাখিল করেছেন। এ বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ধ) অনুচ্ছেদ অনুযায়ী দাখিলকৃত বিলসমূহ অনুমোদন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে ঐক্যমত পোষন করা হয়। | জনাব মোঃ কামাল উদ্দিন সিকদার, উপজেলা চেয়ারম্যান এর জুন/২০২৩ হতে নভেম্বর/২০২৩ পর্যন্ত মোট ০৬(ছয়) মাসের ভ্রমন ভাতা/দৈনিক ভাতা বাবদ ৫২,৫০০/- (বায়ান্ন হাজার পাঁচশত) টাকা, জনাব মোঃ সেলিম আহমেদ, ভাইস চেয়ারম্যান এর জুন/২০২৩ হতে নভেম্বর/২০২৩ পর্যন্ত মোট ০৬(ছয়) মাসের ভ্রমন ভাতা/দৈনিক ভাতা বাবদ ৩৯,০০০/- (উনচল্লিশ হাজার) টাকা, অধ্যাপিকা জায়েদা নাসরিন, মহিলা ভাইস চেয়ারম্যান এর জুন/২০২৩ হতে নভেম্বর/২০২৩ পর্যন্ত মোট ০৬(ছয়) মাসের ভ্রমন ভাতা/দৈনিক ভাতা বাবদ ৩৯,০০০/- (উনচল্লিশ হাজার) টাকা সর্বমোট ১,৩০,৫০০/- (এক লক্ষ ত্রিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ<br><br>উপজেলা নির্বাহী অফিসার |

সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১-১২-২৩

মোঃ কামাল উদ্দিন সিকদার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
কালিয়াকৈর, গাজীপুর



CamScanner

কার্যবিবরণী নং-০৫.৪১.৩৩৩২.০০০.০৮.০০২.১৯- ১১৯৬/১(৫০) তারিখ: ২১/১২/২০২৩ খ্রি.

বিতরণ: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। জেলা প্রশাসক, গাজীপুর
০৩। মেয়র, কালিয়াকৈর পৌরসভা, কালিয়াকৈর, গাজীপুর
০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর
০৫। উপজেলা .................................................. অফিসার, কালিয়াকৈর, গাজীপুর
০৬। চেয়ারম্যান ..........................................ইউপি (সকল), কালিয়াকৈর, গাজীপুর
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কালিয়াকৈর, গাজীপুর
০৮। জনাব ...........................................................................................
০৯। অফিস কপি।

21.12.23

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়াকৈর, গাজীপুর



CamScanner